



# কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ফ্যাক্স: ০৮১-৭০০৩৫, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./প্র.বি/২০০৯/৪৯২

তারিখ: ২৩/০৯/২০২৪ খ্রি.

## প্রেস বিজ্ঞপ্তি

### ভাইস-চ্যান্সেলর হিসেবে যোগদান করলেন অধ্যাপক ড. মোঃ হায়দার আলী

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. মোঃ হায়দার আলী আজ সোমবার (২৩ সেপ্টেম্বর ২০২৪ খ্রি.) সকাল ৯.০০ ঘটিকায় যোগদান করেছেন। কুমিল্লা বিশ্ববিদ্যালয় আইন, ২০০৬ এর ১০ (১) ধারা অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি এবং বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর চার বছরের জন্য তাঁকে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে ভাইস-চ্যান্সেলর হিসেবে নিয়োগ দিয়েছেন।

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে ভাইস-চ্যান্সেলর হিসেবে নিয়োগ পেয়ে তিনি মহান সৃষ্টিকর্তার নিকট শোকরিয়া আদায় করেন। ছাত্র জনতার এই অভূতপূর্ব গণঅভ্যুত্থানে যারা আত্মত্যাগ করেছেন তাঁদের আত্মার প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং তাঁদের আত্মার মাগফেরাত কামনা করেন। যারা আহত হয়েছেন তাঁদের সুস্থ জীবন কামনা করেন এবং তাঁদের ত্যাগের মাধ্যমে স্বৈরাচার পতন ও নতুন বাংলাদেশ পেয়েছেন তা নতুনভাবে গড়ে তুলতে ঐক্যবদ্ধ সহযোগিতা কামনা করেন।

যোগদান শেষে তিনি প্রশাসনিক ভবনস্থ সম্মেলন কক্ষে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, শিক্ষার্থী ও ছাত্র সমন্বয়ক, সাংবাদিক সমিতি ও প্রেস ক্লাবের সাথে মতবিনিময় করেন।

নবনিযুক্ত মাননীয় ভাইস-চ্যান্সেলর বলেন, আমরা একটি পরিবার। আমরা সবাই মিলে কুমিল্লা বিশ্ববিদ্যালয়কে দেশের নামকরা বিশ্ববিদ্যালয়ে রূপান্তর করবো। বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নিতে সবাই যার যার অবস্থান থেকে আমাকে সার্বিক সহযোগিতা করবেন। তিনি আরও বলেন, আমি আমার উপর অর্পিত দায়িত্ব সম্পূর্ণ নিষ্ঠা ও সততার সহিত পালন করতে সর্বদা সচেষ্ট থাকবো।

অধ্যাপক ড. মোঃ হায়দার আলী চুয়াডাঙ্গার জেলার সদর উপজেলার রাজারপাড়া গ্রামের একটি সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে কৃতিত্বের সহিত স্নাতক সম্মান ও স্নাতকোত্তর ডিগ্রী অর্জন করেন। এরপর জাপানের বিখ্যাত তায়োহাশি ইউনিভার্সিটি অব টেকনোলজি থেকে ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনফরমেশন ইঞ্জিনিয়ারিং এ ২০০১ সালে পিএইচডি ডিগ্রী অর্জন করেন। তিনি ২০০৩ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ে সহকারী অধ্যাপক হিসেবে শিক্ষকতা শুরু করেন। তিনি এর আগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিএসই বিভাগের চেয়ারম্যানের দায়িত্ব পালন করেছেন। তিনি সায়েন্স অ্যান্ড টেকনোলজি ইনস্টিটিউট এবং ঢাকা বিশ্ববিদ্যালয় সাইবার সেন্টারের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন। এছাড়াও তিনি ঢাবির সিএসই বিভাগের ছাত্র উপদেষ্টা এবং অমর একুশে হলের হাউজ টিউটর হিসেবে দায়িত্ব পালন করেছেন। তিনি বাংলাদেশে কম্পিউটার সোসাইটির লাইফ ফেলো এবং বাংলাদেশ ইলেক্ট্রনিক্স সোসাইটি, জেইউএএবি, এপিইসিই, জাপানের আইইআইসিই এর সদস্য। এছাড়াও তিনি দেশের বিভিন্ন প্রতিষ্ঠানে টেকনিক্যাল কমিটির সদস্য হিসেবে দায়িত্ব পালন করেছেন। তিনি জাপানের হোরি ফাউন্ডেশন থেকে রিসার্চ এ্যাওয়ার্ড এবং শিক্ষা ও সংস্কৃতি মন্ত্রণালয় থেকে Monbusho Scholarship অর্জন করেন। দেশ-বিদেশে বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক জার্নালে তাঁর প্রায় অর্ধশতাধিক বিভিন্ন ধরনের গবেষণাপত্র প্রকাশিত হয়েছে।

তিনি বিকাল ৫টায় বৈষম্যবিরোধী আন্দোলনে আহত বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক ড. কামরুন নাহারের সন্তান কুমিল্লা ইম্পাহানী স্কুল এন্ড কলেজের দশম শ্রেণির ছাত্র মেঘ-কে দেখতে যান।

(মোহাম্মদ এমদাদুল হক)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

কুমিল্লা বিশ্ববিদ্যালয়